

বই মেলা ২০১০

জসিম মল্লিকের দুটো নতুন বই



এবারের বই মেলায় জসিম মল্লিকের দুটো নতুন বই প্রকাশিত হচ্ছে। একটি উপন্যাস। বইয়ের নাম একজন মাধবী। প্রকাশক সময় প্রকাশনী। অন্যটি হচ্ছে প্রবন্ধের। বইয়ের নাম নক্ষত্রের আগুন ভরা

রাতে । প্রকাশক অনন্যা প্রকাশনী । দুটো বইয়েরই প্রচ্ছদ ঐঁকেছেন প্রব এষ । একজন মাধবী উপন্যাসটি আনন্দধারার ঙ্গদসংখ্যা ২০০৮- এ প্রকাশিত হয় । একজন মাধবী প্রেমের উপন্যাস । সম্পর্কের নানা টানাপোড়েন, মানসিক দ্বন্দ্ব এবং মানব মনের অতি সূক্ষ্ম সব সমীকরণ নিয়ে লেখা রোমান্টিক এই উপন্যাসটি পাঠক প্রিয়তা লাভ করে ।

নক্ষত্রের আগুন ভরা রাতে একটি নির্বাচিত প্রবন্ধ গ্রন্থ । গ্রন্থের সবগুলো লেখাই লেখক প্রবাসে বসে লিখেছেন । যারা প্রবাসী হতে চান বা বিশেষভাবে যারা কানাডা আমেরিকা যেতে চান তাদের জন্য এই গ্রন্থে অনেক তথ্য রয়েছে । তাছাড়া লেখক প্রবাসের আনন্দ বেদনার অনেক গল্প মর্মস্পর্শীভাবে উপস্থাপন করেছেন । প্রতিটা লেখাই লেখক আন্তরিকতার সাথে বিশেষণ করেছেন । মানুষের সম্পর্ক নিয়ে লেখাগুলো পাঠককে ভাবনার খোরাক যোগাবে । প্রবাসের নিঃসঙ্গ এবং কঠিন জীবনের কথা তুলে এনেছেন সাবলীলভাবে । ভ্রমণ বিষয়ক লেখাগুলো পাঠককে আনন্দ দেবে নিঃসন্দেহে । গ্রন্থভুক্ত লেখাগুলো ইতিমধ্যেই পাঠক প্রিয়তা পেয়েছে ।